# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩০৮

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, এই হাদীসটি সাঈদ আল মাকবূরী একককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ سَعِيدٌ الْمَقْبُرِيُّ

আরবী

3308 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنِ زُهَيْرٍ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ شُعَيْبٍ قَالَ: حَدَّثَنَا أَبُو النضر قال: حدثنا ورقاء عن أَبِي عَجْلَانَ عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ أَبِي الْحُبَابِ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ تَصَدَّقَ بِعِدْلِ تَمْرَةٍ مِنْ كَسْبٍ طَيِّبٍ ـ وَلَا يَصْعَدُ إِلَى اللَّهِ إِلَّا الطَّيِّبُ ـ فَإِنَّ اللَّهَ يَتَقَبَّلُهَا بِيَمِينِهِ ثُمَّ يُرَبِّيهَا لِصَاحِبِهَا كَمَا يُرَبِّي أَحَدُكُمْ فَلُوَّهُ حتى يكون مثل الجبل)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3308 | خلاصة حكم المحدث: صحيح – ((الروض النضير)) (1083) , ((ظلال الجنة)) (623): م.

বাংলা

৩৩০৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি পবিত্র উপার্জন থেকে একটি খেজুর পরিমাণ দান করে –আর আল্লাহর কাছে পবিত্র ছাড়া অন্য কিছু উত্থিত হয় না- তবে নিশ্চয়ই মহান আল্লাহ তা ডান হাতে গ্রহণ করেন। অতঃপর তা দানকারীর জন্য প্রতিপালিত করে বড় করে তুলেন, যেভাবে তোমরা তোমাদের অশ্বশাবককে প্রতিপালিত করে বড় করে তোলো, এমনকি সেটি পাহাড়ের মতো হয়ে যায়।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৪২৫; মুসনাদ আহমাদ: ২/৫৩৮; সহীহ মুসলিম: ১০১৪; নাসাঈ: ৫/৫৭; ইবনু

মাজাহ: ১৮৪২; বাগাবী: ১৬৩২; সহীহুল বুখারী: ১৪১০।

নাসাঈ: ৫/৬৬-৬৭; মুসনাদ আহমাদ: ৬/১২১; সহীহুল বুখারী: ১৪২০; বাইহাকী, দালাইলুন নুবুওওয়াহ: ৬/৩৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (যিলালুল জান্নাহ: ৬২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92639

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন